

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
ডায়ুড্যা, শরীয়তপুর

স্মারক নং- ৫১.০১.৮৬২৫.০০০.৪২.০০৩.২২-৩৩৫

তারিখঃ- ২২/০৮/২০২২ খ্রি:

বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারি ১ম কিস্তির অর্থ উপ-বরাদ্দ প্রসঙ্গে।

সূত্রঃ- দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নংঃ ৫১.০১.০০০০.০১২.১৪.০০৭.২২-২১৯; তারিখঃ- ০১/০৮/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারি ১ম কিস্তির অত্র উপজেলায় ২৯,০০,২৮৫/- বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত টাকা গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচি নির্দেশিকা ২০২১ এর ২নং অনুচ্ছেদের (ক) ও (খ) ধারা অনুযায়ী উপজেলায় মোট বরাদ্দের ২০% রিজার্ভ রাখিয়া অবশিষ্ট ৮০% বরাদ্দকৃত নগদ টাকা ৫০% আয়তন ও ৫০% জনসংখ্যার ভিত্তিতে অত্র উপজেলার ০৭টি ইউনিয়নের অনুকূলে নিম্নবর্ণিত হারে উপ-বরাদ্দ করা হল এবং উক্ত রিজার্ভ ২০% নগদ টাকা ঘারা উপজেলা কমিটি অব্যাহতভাবে সকল ইউনিয়নে প্রকল্প গ্রহণ করবেন।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	জন সংখ্যা	আয়তন	উপ-বরাদ্দ টাকার পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫	
১	পূর্ব ডায়ুড্যা	২১,২৫৩ জন	১৯.১৭	৫,১০,০০০.০০ টাকা	
২	দারুল আমান	৯,৬৫২ জন	৫.০০	২,০০,২২৮.০০ টাকা	
৩	সিড্যা	৭,৪৭৫ জন	৫.০০	১,৮৩,০০০.০০ টাকা	
৪	কনেশ্বর	১৫,৭৮৪ জন	১১.৩১	৩,৪০,০০০.০০ টাকা	
৫	ইসলামপুর	৮,৩৬৯ জন	৮.৭৩	২,১৭,০০০.০০ টাকা	
৬	ধানকাটি	২০,৫৫৯ জন	২৩.৭৬	৫,৬০,০০০.০০ টাকা	
৭	শিখলকুড়া	১১,৬৬৯ জন	১২.৯২	৩,১০,০০০.০০ টাকা	
		উপজেলা পরিষদের সংরক্ষিত ২০%		৫,৮০,০৫৭.০০ টাকা	
		মোটঃ-		২৯,০০,২৮৫.০০ টাকা	

০১। উক্ত বরাদ্দকৃত খাদ্যশস্য অনুকূলে প্রকল্পের নামের তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি (জাতীয় পরিচয়পত্র সহ), ইউনিয়ন পরিষদের কার্যবিবরণী সহ আগামী ২৭/০৮/২০২২খ্রি: তারিখের মধ্যে অত্র কার্যালয়ের আণ শাখায় দাখিল করার জন্য অনুরোধ করা হল।

০২। ০২। মাটির কাজের প্রকল্পের অংশ হিসাবে প্রয়োজনে HBB (ইটের রাস্তা নির্মাণ), cc (Cement Concrete), WBM করণের জন্য প্রকল্প গ্রহণ করা যাইবে। ১০০% নগদ টাকা ঘারা সাধারণ ও উন্নয়ন খাতের প্রকল্প গ্রহণ করতে হবে।


- ০৩। গ্রামীণ অবকাঠামো রক্ষনা বেকন টি আর নির্দেশিকা ২০২১ এ অনুচ্ছেদ ৫(ক) অনুযায়ী একটি প্রকল্পে সর্বনিম্ন বরাদ্দ হবে ১.০০০ মে.টন চালের ২০২১-২০২২ অর্থ বছরে সরকারী মূল্যের সমপরিমাণ-৪৫,০০০/-টাকা হতে হবে।
- ০৪। প্রকল্প বাস্তবায়ন কমিটিতে ৫ সদস্যবিশিষ্ট হতে হবে। উক্ত কমিটিতে কমপক্ষে এক জন মহিলা সদস্য, সমাজ কর্মী, স্কুল শিক্ষক (বেসরকারী) ও আনসার ডিডিপির সদস্য থাকিবেন। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি হবে।
- ০৫। কোন ইউনিয়নে তিন এর অধিক প্রকল্প থাকিলে একটি প্রকল্পের চেয়ারম্যান মহিলা সদস্যদের মধ্য হতে হতে হবে।
- ০৬। কোন অবস্থাতে এক ব্যক্তি দুইটির বেশি প্রকল্প চেয়ারম্যান হতে পারবে না এবং কোন সরকারী কর্মচারী প্রকল্প বাস্তবায়ন কমিটির অর্ন্তভুক্ত থাকতে পারবে না।
- ০৭। এই কর্মসূচিতে পুকুর/খাল খনন/পুনঃ খনন, রাস্তা নির্মাণ/পুনঃ নির্মাণ, রাস্তা-বাঁধ নির্মাণ/পুনঃ নির্মাণ, জলাবদ্ধতা দূরীকরণের জন্য নালা ও সেচনালা খনন/পুনঃখনন, বিভিন্ন জনকল্যান মূলক প্রতিষ্ঠানের মাঠের মাটি ভরাট, মাটির কিলা নির্মাণ/পুনঃ নির্মাণ ইত্যাদি কাজের জন্য প্রকল্প গ্রহণ করা যাবে।
- ০৮। ব্যক্তি মালিকানাধীন ও বিরোধপূর্ণ জমির উপরে উল্লেখিত প্রকল্প গ্রহণ করা যাবে না।
- ০৯। জনকল্যান মূলক প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/সদস্যকে সভাপতি বানানো যাবে।
- ১০। এছাড়াও গ্রামীণ অবকাঠামো রক্ষনাবেক্ষণ টিআর নির্দেশিকা ২০২১ এ অনুচ্ছেদ-৩ অনুসরণ পূর্বক প্রকল্প গ্রহণ করা যাবে।

চেয়ারম্যান, পূর্ব ডামুড্যা/দারুল আমান/সিড্যা/কনেশ্বর
ইসলামপুর/ধানকাটি/শিখলকুড়া ইউনিয়ন পরিষদ।

স্মারক নং- ৫১.০১.৮৬২৫.০০০.৪২.০০৩.২২-৩৩৫


অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল :-

- ০১। মাননীয় সংসদ সদস্য, শরীয়তপুর-৩
- ০১। জেলা প্রশাসক, শরীয়তপুর
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডামুড্যা, শরীয়তপুর
- ০৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার, শরীয়তপুর
- ০৪। অফিস কপি


হাছিবা খান

উপজেলা নিবাহী অফিসার
ডামুড্যা, শরীয়তপুর

তারিখঃ- ২২/০৮/২০২২ খ্রি:


হাছিবা খান

উপজেলা নিবাহী অফিসার
ডামুড্যা, শরীয়তপুর